

অন্যকথা

নিতান্তঅভ্যাস বশে কিম্বা শুধু গার্হস্থ্য নিয়মে  
এইষে একত্রবাসনির্দারিত পুষে-নারীতে  
সেখানেও প্রেমথাকে, থাকে এক উচাটন সুখ  
না হলে মানুষ কেনসে জীবনে একান্ত উৎসুক  
হেসে কেঁদে গানগেয়ে ভালো বেসে বেঁচে বর্তে থাকে

সে জীবন ছুঁতে তবুকোনোদিন পারেনি আমাকে

সেখানে মনের কোণেভাসে এক অন্যতর ছবি  
প্রেমের সন্ধানপেতে জ্যোৎস্না রাতে হেঁটে যায় কবি  
নদীর জলের আহ্বানেখুলে ফেলে পার্থিব পোষাক  
অতল স্পর্শেরঅনুভবে কোথাও থাকে না কোন ফাঁক  
কোথাও থাকে না তার প্রচলিত সুনিশ্চিত ভয়

কখনও -সখনও তাই উচ্চারিত হয় ।

জ্যোতিষগোবিন্দজানা

